

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৬.০২৬.০০.০০.১৩২.২০১২- ২৪৭

তারিখ ২৬ জানুয়ারি, ২০১৬।

বিষয় : কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রশাসনিক ভবন ও হলরুমের ফ্লোরে টাইলস এবং সীমানা প্রাচীর নির্মাণ/মেরামত।

সূত্র : কুষ্টিয়া সদর উপজেলা পরিষদ কার্যালয়-এর স্মারক নং-উপজেলা পরিষদ-স্থায়ী কমিটি/১৯(যু);তারিখ: ২৮ ডিসেম্বর, ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে কুষ্টিয়া সদর উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবনের ফ্লোরে টাইলস স্থাপন এবং সীমানা প্রাচীর নির্মাণের প্রস্তাবটি বিবেচনার পূর্বে নিম্নরূপ তথ্যাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- ক). কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটে সীমানা প্রাচীর পুনর্নির্মাণ ও সম্প্রসারিত ভবনের টাইলস স্থাপনের লক্ষ্যে অর্থের সংস্থান রাখা হয়েছে কিনা, হয়ে থাকলে বাজেটের কপি প্রেরণ;
- খ). উপজেলা পরিষদে কতটুকু সীমানা প্রাচীর বিদ্যমান রয়েছে? থাকলে তা কত বছর পূর্বে নির্মাণ করা হয়েছে সেসম্পর্কিত প্রমাণক প্রেরণ;
- গ). বর্তমানে কতটুকু সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে;
- ঘ). সম্পূর্ণ সীমানা প্রাচীরের স্কেচ ম্যাপ এবং রঙ্গিন ছবি প্রেরণ; এবং
- ঙ). প্রস্তাবে সীমানা প্রাচীরের ব্যয় ২২,৯৩,২১৪/- টাকা এবং প্রাক্কলনে ৩২,৩৩,১৪৩/-টাকার বিষয়টি স্পষ্টীকরণ।

J. Min
24/01/2016
(ড. জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর, কুষ্টিয়া।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।